## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ : ২০১৯-২০২০

### বাংলা

১. 'লোক-লোকান্তর' কবিতায় চেতনার তুল্যরূপ হলো-
A. কৃষ্ণচূড়া B. পাখি C. নক্ষত্র D. সবুজ অরণ্য

ব্যাখ্যা: কবি আল মাহমুদের "লোক-লোকান্তর" কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- এই কবিতায় কবির চেতনার তুল্যরূপ হলো – পাখি।
- সৃষ্টির প্রেরণায় কবি চিরকালই উদ্বুদ্ধ হন, উজ্জ্বল হয় তার– চেতনার মণি।
- চেতনার জগৎ, রং-রূপ-রেখা, শব্দব্রহ্ম হলো– সত্য।
- কবি চেতনার জগৎ, শব্দসৌধ গড়ে তোলেন– শব্দ দিয়ে।
- কবির সৃষ্টির পথ– কুসুমাস্তীর্ণ নয়।
- চিরায়ত গ্রামবাংলা, বাংলার অফুরন্ত রং থাকে– কবির অস্তিত্ব জুড়ে।
- কবির চেতনারূপ পাখির চোখের কোটরে কাটা সুপারির রং– পা সবুজ, নখ তীব্র লাল।

Ans : B.

২. 'নেকলেস' গল্পে শিশু নিয়ে চামপস্-এলিসিস-এ ঘুরে বেড়াচ্ছিল-
A. মাদাম লোইসেল B. মাদাম ফোরসটিয়ার
C. জনশিক্ষা মন্ত্রী D. মাদাম জর্জ

ব্যাখ্যা: ফরাসি গল্পকার গী দ্য মোপাসাঁর 'নেকলেস' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- শিশু নিয়ে চাম্‌পস্ এলিসিসে ঘুরে বেড়াচ্ছিল– মাদাম ফোরসটিয়ার।
- সে (লোইসেল) সাধারণভাবেই থাকত– নিজেকে সজ্জিত করার অক্ষমতার জন্য।
- অপরূপ পাত্রে পরিবেশিত হবে– অপূর্ব খাদ্য।
- রোহিত মাছের টুকরার রং ছিলো– গোলাপি।
- মুরগির পাখনা খাওয়ার সময় লোইসেলের মুখে থাকবে– সিংহ মানবীর হাসি।

Ans : B.

৩. 'A bolt from the blue' এর সমার্থক বাংলা প্রবাদ হলো-
A. যত গর্জে তত বর্ষে না B. বিনা মেঘে বজ্রপাত
C. লঘুপাপে গুরু দণ্ড D. ছাই ফেলতে ভাঙাকুলা

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু প্রবাদ–

| | |
|---|---|
| • A bolt from the blue. | • বিনা মেঘে বজ্রপাত। |
| • Irony of fate. | • অদৃষ্টের পরিহাস। |
| • Look before you leap. | • দেখে শুনে পা বাড়াও। |
| • Alpha and omega. | • আদি ও অন্ত। |
| • Riches have wings. | • লক্ষ্মী চঞ্চলা। |

Ans : B.

৪. 'উত্তম' শব্দের সমার্থক নয়-
A. উপাদেয় B. উৎকৃষ্ট C. অভিরুচি D. বরেণ্য

ব্যাখ্যা: উত্তম ও অভিরুচি শব্দের সমার্থক শব্দ–
- উত্তম : উত্তমা, সেরা, ভালো, শ্রেষ্ঠ, শ্রেয়, প্রকৃষ্ট, সূক্ষ্ম, মিহি, সুন্দর, বেশ, চমৎকার, উৎকৃষ্ট, সুদৃশ্য, চারু, উপাদেয়, স্বাদু, মিঠা, অতিশয়, যোগ্য, সদৃশ, মূল্যবান, বরেণ্য ইত্যাদি।
- অভিরুচি : অভিপ্রায়, উদ্দেশ্য, ইচ্ছা, পরিকল্পনা, লক্ষ্য, বাসনা, আকাঙ্ক্ষা, কামনা, অভিলাষ, আনন্দ, খুশি, সুখানুভব, পছন্দ, সভীষ্ট, মতলব, বাঁছা, নকশা, অভিব্যক্তি, অভিসন্ধি ইত্যাধি।

Ans : C.

৫. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর মনুষ্যত্বের সঙ্গে সাদৃশ্য খুঁজে পেয়েছেন?
A. বৃক্ষের B. আত্মার C. সংস্কৃতির D. নদীর গতির

ব্যাখ্যা: প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- রবীন্দ্রনাথ ঠাকুর মনুষ্যত্বের সাথে সাদৃশ্য খুঁজে পেয়েছেন– নদীর গতির।
- বৃক্ষের জীবন অসম্পূর্ণ থেকে যাবে– ফুল না ফোটালে ফল না ধরালে।
- নদীর গতি সহজ নয় কারণ তাকে দুঃখ পেতে হয়– বাধা ডিঙ্গে।
- জীবনের ও ধর্মের মানে– বৃদ্ধি।
- প্রকৃতির এবং মানুষের ধর্ম (একই)– বেড়ে ওঠা।

Ans : D.

৬. 'আত্মাকে চিনিলেই আত্মনির্ভরতা আসে'- উদ্ধৃতিটি যে রচনার অন্তর্গত-
A. অপরিচিতা B. বিড়াল C. আহ্বান D. আমার পথ

ব্যাখ্যা: প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু লাইন–
- আমি যদি সত্যি করে আমার সত্যকে চিনে থাকি, আমার অন্তরে মিথ্যার ভয় না থাকে, তাহলে বাইরের কোন ভয়ই আমার কিছু করতে পারবেনা।
- নিজেকে চেনা, আপনার সত্যকে আপনার গুরু, পথপ্রদর্শক, কান্ডারি বলে জানা, এটা দম্ভ নয়, অহংকার নয়।
- সুষ্ট কথা বলায় একটা অবিনয় নিশ্চয় থাকে, কিন্তু তাতে কষ্ট পাওয়াটা দুর্বলতা।
- এই পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললে। একেই বলে সবচেয়ে বড় দাসত্ব।
- আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে। এই আত্মনির্ভরতা যেদিন সত্যি সত্যিই আমাদের আসবে, সেই দিনই আমরা স্বাধীন হব।

Ans : D.

৭. নিচের যেটি শুদ্ধ বানান-
A. উচ্ছল B. ইদানিং C. বৈপরীত্য D. অপরাহ্ন

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান–

| | | | |
|---|---|---|---|
| উচ্ছল | মাধুর্য | কৃত্তিবাস | লজ্জাকর |
| ইদানীং | নিরপরাধ | বল্মীকি | সান্ত্বনা |
| বৈপরীত্য | বহিষ্কার | বাঙালি | মূর্ছনা |
| অপরাহ্ণ | প্রজ্বলন | ঐকতান | বিদুষী |

Ans : A & C.

৮. 'ক্রন্দসী' শব্দের আভিধানিক অর্থ-
A. কান্নাকাটি B. কাঁদুনী C. আকাশ ও পৃথিবী D. জল ও স্থল

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ–

| | |
|---|---|
| আকাশ ও পৃথিবী – ক্রন্দসী | যা চিন্তা করা যায় না – অচিন্ত্য |
| যা দীপ্তি পাচ্ছে – দেদীপ্যমান | যা আঘাত পায়নি – অনাহত |
| যার আকার কুৎসিত – কদাকার | যে বিষয়ে কোন বিতর্ক নেই – অবিসংবাদী |
| যা মর্ম স্পর্শ করে – মর্মস্পর্শী | যে রব শুনে এসেছে – রবাহুত |

Ans : C.

৯. সভ্যতার বিস্তারের সাথে সাথে যা বিলুপ্ত হয়েছে-
A. পণ্য B. কৃষকের দারিদ্র্য C. দেশিশিল্প D. কৃষি-অর্থনীতি

ব্যাখ্যা: প্রাবন্ধিক রোকেয়া সাখাওয়াত হোসেনের 'চাষার দুক্ষু' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- সভ্যতার বিস্তারের সাথে সাথে বিলুপ্ত হয়েছে – দেশিশিল্প।
- জমিরনের মাথায় তেল লাগিত – আধ পোয়াটাক।
- ৫০ বৎসর পূর্বে টাকায় চাউল পাওয়া যেত – আট সের।
- পঁচিশ বৎসর পূর্বে উড়িষ্যার কণিকায় টাকায় চাউল পাওয়া যেত - ২৫/২৬ সের।
- রংপুরে টাকায় চাউল পাওয়া যেত - ২৫ সের।
- রংপুরের পুরুষ ও মহিলার পোশাক যথাক্রমে - কৌপীন, ৮/৯ হাত লম্বা কাপড়।
- রাতে বিচালি (পোয়াল খড়) শয্যায় শয়ন করিত – রংপুরের বাসিন্দারা।

Ans : C.

১০. 'ও কি ঘরে বালা আনবার চায় নাকি? চায় নাকি আমার সংসার উচ্ছন্নে যাক, মড়ক লাগুক ঘরে' উক্তিটি করেছিল-
A. খালেক ব্যাপারী B. মজিদ C. রহিমা D. জমিলা

ব্যাখ্যা: সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান চরিত্র মজিদের গুরুত্বপূর্ণ কিছু উক্তি–
- ও কি ঘরে বালা আনবার চায় নাকি? চায় নাকি আমার সংসার উচ্ছন্নে যাক মড়ক লাগুক ঘরে– জমিলার ব্যাপারে।
- আপনারা জাহেল, বে-এলেম, আনপাড়হ। মোদাচ্ছের পীরের মাজারকে আপনারা এমন করি ফেলি রাখছেন– মহব্বত নগরবাসীর উদ্দেশ্যে।
- অমন করে হাটতে নাই বিবি, মাটি-এ গোস্বা করে। ....... মাটির কষ্ট দেওন গুনাহ।
- খোদাই রিজিক দেনেওয়ালা। .... মাঠভরা ধান দেখে যাদের মনে মাটির প্রতি পূজার ভাব জাগে তারা ভূত পূজারী – জময়েতের উদ্দেশ্যে।
- বিবিরে কইয়া দিয়ো, অমন কথা যদি আর কোনদিন কয় তাইলে মছিবত হইব। –তাহেরের বাপের উদ্দেশ্যে।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১১. 'নিজ কর্ম-দোষে, হায়, মজাইলা এ কনক-লঙ্কা'- এই কর্ম-দোষ হলো-
A. মেঘনাদের B. রাবণের C. বিভীষণের D. সুর্পনখার

ব্যাখ্যা: মহাকবি মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্যের' গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- নিজ কর্মদোষে, হায়, মজাইলা এ কনক-লঙ্কা রাজা - এখানে রাজা রাবণ।
- রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী তেঁই আমি- বিভীষণের।
- রাক্ষসরাজানুজ হলো – রাবণের (রাজা) ছোট ভাই বিভীষণ।
- জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি সবকিছুই জলাঞ্জলি দেয় – বিভীষণ।
- গুণবান্ যদি পরজন, গুণহীন স্বজন, তথাপি নির্গুন স্বজন শ্রেয় : পরঃ পরঃ সদা উক্তিটি- বিভীষণের প্রতি মেঘনাদের।

**Ans : B.**

১২. ইতিহাসের একজন সামন্ত নবাব হয়েও সিরাজউদ্দৌলা নাটকে সিরাজ চরিত্রটি হয়ে উঠেছে-
A. দেশপ্রেমিক নেতা B. ষড়যন্ত্র-জাল ছিন্নকারী
C. লড়াকু বীর D. জনদরদি

ব্যাখ্যা: নাট্যকার সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- ইতিহাসের একজন সামন্ত নবাব হলেও নাটকে সিরাজউদ্দৌলা চরিত্রটি- দেশপ্রেমিক নেতা।
- জাহাপনার কাছে বিচার চাইতে চুরি করে (গোপনে) এসেছিল- কমর।
- গুপ্তচর উমর বেগের হাতে ছিল – ক্লাইভের চিঠি।
- মিরজাফরের বাহিনী সাজানো ছিল – লক্ষবাগের অর্ধেকটা ঘিরে।
- ঘুষের অঙ্ক বড় বেশি মোটা হবার ফলেই নবাবের ধমকানি সত্ত্বেও কৃষ্ণবল্লভকে ত্যাগ করতে পারেন নি- মি. ড্রেক।
- মার্টিনদের সাহায্য করতে কিলপ্যাট্রিক সৈন্য এনেছিলো – আড়াই হাজার।

**Ans : A.**

১৩. 'নয়নকমল' এর যথার্থ ব্যাসবাক্য হলো-
A. নয়নের ন্যায় কমল B. নয়ন কমলের ন্যায়
C. নয়নে কমল D. নয়ন ও কমল

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু উপমিত কর্মধারয় সমাস-

| সমস্যমান পদ | ব্যাসবাক্য | সমস্যমান পদ | ব্যাসবাক্য |
|---|---|---|---|
| বীরসিংহ | বীর সিংহের ন্যায় | বীরকেশরী | বীর কেশরীর ন্যায় |
| বাহুলতা | বাহু লতার ন্যায় | চাঁদমুখ | চাঁদের ন্যায় মুখ |
| মুখচন্দ্র | মুখ চন্দ্রের ন্যায় | ফুলকুমারী | ফুল-কুমারির ন্যায় |
| চরণকমল | চরণ কমলের ন্যায় | দেহলতা | দেহ লতার ন্যায় |
| অধরকমল | অধর কমলের ন্যায় | পদ্মআঁখি | পদ্ম আঁখির ন্যায় |

**Ans : B.**

১৪. 'যিনি ন্যায়শাস্ত্র জানেন'- এর এক-কথায় প্রকাশিত রূপ হলো-
A. ন্যায়বাগীশ B. নৈয়ায়িক C. ন্যায়পাল D. ন্যায়বদ্ধ

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু এক কথায় প্রকাশ-
- যিনি ন্যায় শাস্ত্র জানেন- নৈয়ায়িক
- যিনি ইতিহাস বিষয়ে অভিজ্ঞ- ইতিহাসবেত্তা
- দান করার ইচ্ছা- দিৎসা
- যিনি ব্যাকরণে পন্ডিত- বৈয়াকরণিক
- প্রাণ লাভ করার ইচ্ছা- তিতীর্ষা
- যিনি সর্বত্র গমন করে- সর্বগ
- যা অপনয়ন করা যায় না- অনপনেয়
- যিনি মধু পান করেন- মাধুকর
- যা প্রমাণ করা যায়না- অপ্রমেয়
- যিনি অল্প কথা বলেন- মিতভাষী
- যা সহজে জানা যায় না- দুর্জ্ঞেয়
- যিনি ইতিহাস রচনা করেন- ঐতিহাসিক

**Ans : B.**

১৫. 'প্রৌঢ়' শব্দটির যথাযথ সন্ধি-বিচ্ছেদ হলো-
A. প্র + উঢ় B. প্রো + উঢ় C. প্র + ওঢ় D. প্রো + ঔঢ়

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু সন্ধি বিচ্ছেদ-

| মূলশব্দ | সন্ধি বিচ্ছেদ | মূলশব্দ | সন্ধি বিচ্ছেদ |
|---|---|---|---|
| প্রৌঢ় | প্র + উঢ় | রক্তোষ্ঠ | রক্ত + ওষ্ঠ |
| স্বৈরিণী | স্ব + ঈরিণী | গবেশ্বর | গো + ঈশ্বর |
| বিম্বোষ্ঠ | বিম্ব + ওষ্ঠ | স্বৈর | স্ব + ঈর |
| গবেষণা | গো + এষণা | আশ্চর্য | আ + চর্য |
| প্রেষণ | প্র + এষণ | ষোড়শ | ষট + দশ |

**Ans : A.**

১৬. 'কুহেলী উত্তরী তলে ______ সন্ন্যাসী' উদ্ধৃতির শূন্যস্থানে বসবে-
A. মাঘের B. পৌষের C. শীতের D. ফাল্গুনের

ব্যাখ্যা: কবি সুফিয়া কামাল রচিত 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ-
- নাই হলো, না হোক এবারে/আমারে গাহিতে গান, বসন্তেরে আনিতে বরিয়া/রহেনি, সে ভুলেনি তো, এসেছে তা ফাগুন স্মরিয়া।
- কহিলাম, "ওগো কবি, অভিমান করেছ কি তাই?/যদিও এসেছে তবু তুমি তারে করিলে বৃথাই।"
- ফুল কি ফোটেনি শাখে? পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন?
- কুহেলী উত্তরী তলে মাঘের সন্ন্যাসী।
- গিয়াছে চলিয়া ধীরে পুষ্পশূন্য দিগন্তের পথে।
- রিক্ত হস্তে! তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে।

**Ans : A.**

## General English

**Fill in the gaps (1-2)**

**1. We have not been given___ update on the patient's condition.**
A. some B. none C. any D. much

ব্যাখ্যা: Some - কিছু None - কেউনা
Any - কোন Much - বেশি Completing Sentence
প্রশ্নোক্ত বাক্যটির অর্থ হলো- "রোগীর অবস্থা সম্পর্কে আমাদের কোনো সাম্প্রতিক তথ্য দেওয়া হয়নি"।
এখানে, 'কোন' অর্থ বুঝাতে any হবে।

**Ans : C.**

**2. There is a liberation sculpture____ Arts building of the University of Dhaka.**
A. before B. in front of C. beside D. at the back

ব্যাখ্যা: Before - আগে In front of - সামনে
Beside - পাশে At the back - পিছনে
বাক্যটির অর্থ হলো - "ঢাকা বিশ্ববিদ্যালয় এর কলা ভবনের সামনে একটি স্বাধীনতা ভাস্কর্য রয়েছে"।
'সামনে' বুঝাতে এখানে 'in front of' হবে। Completing Sentence

**Ans : B.**

**3. Coleridge's poem "The Rime of the Ancient Mariner" is a-**
A. lyric B. sonnet C. ode D. ballad

ব্যাখ্যা: 'The Rime of the Ancient Mariner' এটা ছিল মূলত একটি 'Ballad' বা গীতিকা। English Poet 'Samuel Taylor Coleridge' 1798 সালে এই দীর্ঘ কবিতা রচনা করেন। Completing Sentence

**Ans : D.**

**4. Change into reported form: She said to me, 'Why don't you come on Monday?'** Narration.
A. She told me to not go on Monday.
B. She said me why did not she go on Monday.
C. She asked me why I did not go on Monday.
D. She asked me not to go that day.

ব্যাখ্যা: এখানে, Reported verb টি Past tense এ আছে এবং reporting speech টি wh question অর্থাৎ Interrogative sentence এবং present tense এ আছে। এক্ষেত্রে indirect narration এর structure হবে-

sub(1) + asked + object + wh word + sub(2)/object অনুযায়ী + verb (past ind.) + বাকি অংশ
(she — me — why — you এর পরিবর্তে I — didn't — go on Monday)

**Direct :** She said to me, 'Why don't you come on Monday?'
**Indirect :** She asked me why I didn't go on Monday.

**Ans : C.**

**5. The word 'Emancipation' means-**

A. advocate B. freedom C. engage D. portrait

ব্যাখ্যা: Emancipation - মুক্তি

Advocate - উকিল Freedom - মুক্তি/স্বাধীনতা

Engage - আবদ্ধ হওয়া Portrait - প্রতিকৃতি

Emancipation এর synonym and antonym :

**Synonym :** Independence, Enfranchisement, Liberation, Liberty, Deliverance, Release, Delivery, Setting free

**Antonym :** Hold, Restraint, Imprisonment

**Ans : B.**

**6. Choose the sentence with the correct punctuation.**

A. My aunt who lives in Sylhet, is a doctor.

B. My aunt, who lives in Sylhet, is a doctor.

C. My aunt, who lives in Sylhet is, doctor.

D. My aunt, who lives in Sylhet is a doctor.

ব্যাখ্যা: পরপর দুটি কমা সাধারণত বাক্যে ব্যবহৃত হয় কোন ব্যক্তি বা বস্তুকে বিশেষায়িত করতে। দুই কমার মাঝখানে শুধুমাত্র Adjective Clause টি বসে।

**Example :** My friend, who came here, is a lawyer.

অনুরূপভাবে, My aunt, who lives in Sylhet, is a doctor.

**Ans : B.**

**7. In the sentence, 'The rescuers snatched the children from *a perfect storm*'; the italic-faced phrase means-**

A. gusty wind B. the worst situation

C. grave illness D. a great challenge

ব্যাখ্যা: Perfect storm- an extremely bad situation/the worst situation.

কিছু গুরুত্বপূর্ণ Phrase-

Null and void - বাতিল/অকার্যকর

An apple of discord - বিবাদের বিষয়

Bring to pass - কোন কিছু ঘটা

Bottom line - গুরুত্বপূর্ণ বিষয়

**Ans : B.**

**8. The poet William Blake has compared the school boy to-**

A. a prisoner B. a great scholar

C. a caged bird D. a brave warrior

ব্যাখ্যা: • "The School boy" is a poem by William Blake.

• He wrote the poem in 1789 and published as a part of his peotry collection entitled "Songs of Experience".

• In this poem Blake has compared the school boy to "a caged bird".

**Ans : C.**

**9. Orpheus' parents were____**

A. Apollo and Muse Calliope

B. Jupiter and Athena

C. Hercules and Athena

D. Venus and Apollo

ব্যাখ্যা: • Orpheus is a legendary musician, poet and prophet in ancient greek religion.

• Orpheus was born in Pimpleia, Pieria.

• His parents were Oeagrus or Apollo and Muse Calliope.

**Ans : A.**

**10. An *elected* member can take the decision. The italic-faced word is used as a/an-**

A. verb B. adverb

C. conjunction D. adjective

ব্যাখ্যা: এখানে, elected member দ্বারা নির্বাচিত সদস্য বুঝানো হচ্ছে। 'elected' word টি 'member' কে modify করছে যেটি একটি noun. noun কে modify করছে বলে elected একটি adjective.

**Ans : D.**

**11. 'Shubho ate four pieces of Hilsha fish at dinner.' The passive form of the sentence is-**

A. Four pieces of Hilsha fish at dinner were ate by Shubho.

B. At dinner four pieces of Hilsha fish Shubho ate.

C. Four pieces of Hilsha fish were eating by Shubho at dinner.

D. At dinner four pieces of Hilsha fish were eaten by Shubho.

ব্যাখ্যা: Active voice এ sentence টি- Past indefinite tense এ আছে। Past indefinite tense এর voice change করার structure হলো- Object এর subject + was/were + V(P. P) + by + subject এর object.

**Active :** He killed four dogs yesterday.

**Passive :** Four dogs were killed by him yesterday.

অনুরূপভাবে, 'At dinner four pieces of Hilsha fish were eaten by shubho' হবে।

**Ans : D.**

**12. Choose the best interrogative form of: 'Everyone hates acid-throwing.'**

A. Do anyone like acid-throwing?

B. Is there anyone who can hate acid throwing?

C. Who does accept acid-throwing?

D. Does anyone like acid-throwing?

ব্যাখ্যা: Assertive কে Interrogative করার ক্ষেত্রে Every one থাকলে structure টি হবে-

Do/Does/Did + any one + verb (opposite) + বাকি অংশ বসে।

যেমন : Assertive - Everyone loves flower.

Interrogative - Does any one hate flower?

অনুরূপভাবে, এখানে 'Does anyone like acid-throwing?' হবে।

Note : Everyone এর পরিবর্তে Who doesn't দিয়েও interrogative করা যায় কিন্তু এক্ষেত্রে verb এর opposite word বসে না। অর্থাৎ তখন পরিবর্তনটি হতো - Who doesn't hate acid throwing?

**Ans : D.**

**13. The synonym of the word 'Original' is-**

A. amusing B. artificial

C. true D. accumulate

ব্যাখ্যা: Original - মূল/আসল

Amusing - মজাদার Artificial - নকল

True - আসল/সত্য Accumulate - জমানো

Orginal এর synonym হবে true.

**Orginal এর synonym and antonym-**

**Synonym :** Authentic, True, Genuine, First, Initial.

**Antonym :** Fake, Artificial, Old, Hackneyed.

**Ans : C.**

**14. The word 'Diaspora' is related to-**

A. appearance B. concentration

C. entrance D. migration

ব্যাখ্যা: Diaspora - A group of people who spread from one country to other countries. অর্থাৎ একদেশ থেকে অন্যদেশে ছড়িয়ে পরার প্রক্রিয়াকে Diaspora বলে। সুতরাং, এটি migration এর সাথে সম্পৃক্ত।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**15. Choose the correct spelling from the following.**

A. Assurance B. Asurrance
C. Assurrance D. Assurrence

ব্যাখ্যা: Assurance - প্রতিশ্রুতি/নিশ্চিত করা।
কিছু গুরুত্বপূর্ণ spelling-

| | |
|---|---|
| Achievement | Collaboration |
| Colonel | Paleontology |
| Encyclopedia | Hallucination |

**Ans : A.**

**16. 'People *lauded* Mandela's humanity, kindness and dignity'. In this sentence, the present form of the italic-faced word is-**

A. laude B. led C. lead D. laud

ব্যাখ্যা: Laud - প্রশংসা করা।
Laud (Present) - Lauded (Past) - Lauded (Past Participle).
**Ans : D.**

## সাধারণ জ্ঞান

**১. বাঙালি জাতীয়তাবাদের মূলভিত্তি হলো-**

A. আঞ্চলিকতা B. ধর্ম
C. রাজনীতি D. ভাষা ও সংস্কৃতি

ব্যাখ্যা: • বাঙালি জাতীয়তাবাদের মূলভিত্তি - ভাষা ও সংস্কৃতি।
• বাঙালি জাতীয়তাবাদের আত্মপ্রকাশ শুরু হয় বায়ান্নর ভাষা আন্দোলনের মধ্য দিয়ে।
• পরবর্তীতে বিভিন্ন সময়ে আন্দোলন, গণঅভ্যুত্থান এবং সর্বশেষে মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ প্রতিষ্ঠার ফলে বাঙালি জাতীয়তাবাদ পরিপূর্ণরূপ লাভ করে।
• গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও বাঙালি জাতীয়তাবাদ এগুলো বাংলাদেশের সংবিধানের মূল ভিত্তি।
**Ans : D.**

**২. বাংলাদেশের জাতীয় প্রতীকে নিচের যেগুলো রয়েছে-?**

A. ধান, পান, শাপলা B. ধান, পাট, শাপলা
C. ধান, পান, পাট D. পাট, পান, শাপলা

ব্যাখ্যা: • বাংলাদেশের জাতীয় প্রতীকে রয়েছে – ধান, পাট, শাপলা।
• বাংলাদেশের জাতীয় প্রতীকের কেন্দ্রে রয়েছে পানিতে ভাসমান একটি শাপলা ফুল যা বাংলাদেশের জাতীয় ফুল।
• শাপলা ফুলটিকে বেষ্টন করে আছে ধানের দুটি শীষ। চূড়ায় পাটগাছের পরস্পরযুক্ত তিনটি পাতা এবং পাতার উভয় পার্শ্বে দুটি করে মোট চারটি তারকা।
• চারটি তারকা চিহ্ন দ্বারা বাংলাদেশের সংবিধানের চারটি মূলনীতিকে নির্দেশ করা হয়েছে।
• জাতীয় প্রতীকের ডিজাইনার কামরুল হাসান।



**Ans : B.**

**৩. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারীসদস্য-**

A. আনোয়ারা বেগম B. সুফিয়া কামাল
C. সৈয়দা সাজেদা চৌধুরী D. ইউ.এ.বি. রাজিয়া আক্তার বানু

ব্যাখ্যা: • বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারীসদস্য এর নাম ইউ.এ.বি রাজিয়া আক্তার বানু।
• তিনি জাতীয় পরিষদ থেকে নারী আসনে নির্বাচিত সংসদ সদস্য ছিলেন।
• সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে ১৯৭২ সালের ১১ই এপ্রিল ৩৪ সদস্যের এই কমিটি গঠন করা হয়।
• এ কমিটির সভাপতি করা হয় ড. কামাল হোসেনকে।
**Ans : D.**

**৪. গ্রিনল্যান্ড যে দেশের অংশ-**

A. যুক্তরাষ্ট্র B. ডেনমার্ক
C. রাশিয়া D. নরওয়ে

ব্যাখ্যা: • গ্রিনল্যান্ড ডেনমার্কের একটি স্ব-নিয়ন্ত্রিত অংশ।
• এটি উত্তর আটলান্টিক ও আর্কটিক মহাসাগরের মধ্যে অবস্থিত।
• গ্রিনল্যান্ড পৃথিবীর বৃহত্তম দ্বীপ।
• ভৌগলিক অবস্থানের কারণে সেখানে সূর্যের দেখা পাওয়া যায় মাত্র ৩ ঘন্টা বা তার একটু বেশি কিংবা কম সময়।
• সেখানকার শীতকাল বা শৈত্যপ্রবাহকাল খুব দীর্ঘ সময় হয়ে থাকে।
**Ans : B.**

**৫. 'রিফিউজি' সমস্যাটি যে সংস্থার সঙ্গে বেশি সম্পর্কিত-**

A. ইউএনডিপি B. ইউএনএফপিএ
C. ইউএনএইচসিআর D. আইইউসিএন

ব্যাখ্যা: • "রিফিউজি" শব্দটি ইউএনএইচসিআর এর সাথে সম্পর্কিত।
• UNHCR এর পূর্ণরূপ United Nations High Commissioner for Refugees।
• এ সংস্থার দায়িত্ব হচ্ছে জাতিসংঘ বা কোন দেশের সরকারের অনুরোধে স্বদেশহীন, বাস্তুহারা, বিতাড়িত, মাতৃভূমিচ্যুত শরণার্থীদেরকে রক্ষা করা, তাদের অবস্থাকে সমর্থন যোগানো এবং নিজ দেশে ফেরা বা উপযুক্ত পুনর্বাসনের ব্যবস্থা করা।
• এটি ১৯৫০ সালের ১৪ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়।
• এটি দুইবার, ১৯৫৪ এবং ১৯৮১সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করে।
• এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত।
**Ans : C.**

**৬. জলবায়ুর উপাদান নয়-**

A. মেঘ B. সমুদ্রস্রোত
C. বায়ু D. আর্দ্রতা

ব্যাখ্যা: • জলবায়ুর উপাদান নয় – সমুদ্রস্রোত।
• জলবায়ুর উপাদানগুলো হল – বায়ুর উষ্ণতা, বায়ুর চাপ, বায়ুপ্রবাহ, বায়ুর আর্দ্রতা, মেঘ, বৃষ্টি প্রভৃতি ।
• সাধারণত কোনও জায়গায় ৩০-৪০ বছরের আবহাওয়ার গড় অবস্থাকে সেই জায়গার জলবায়ু [Climate] বলা হয় ।
• কোনও নির্দিষ্ট জায়গার কোনও নির্দিষ্ট দিনের বা কয়েকদিনের বায়ুর তাপ, চাপ, বায়ুপ্রবাহ, বৃষ্টিপাত প্রভৃতির অবস্থাকে আবহাওয়া [Weather] বলে। বিভিন্ন দিনে, এমনকি যে কোনো দিনের বিভিন্ন সময়ে, আবহাওয়ার পরিবর্তন ঘটে ।
**Ans : B.**

**৭. SDG- এর পূর্ণরূপ হলো-**

A. Successive Developmental Goals
B. Successful Development Goals
C. Substantial Developmental Goals
D. Sustainable Developmental Goals

ব্যাখ্যা: • SDG এর পূর্ণরূপ Sustainable Development Goals।
• এটি হলো ভবিষ্যত আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত একগুচ্ছ লক্ষ্যমাত্রা।
• জাতিসংঘ লক্ষ্যগুলো প্রণয়ন করেছে এবং "টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক লক্ষ্যমাত্রা" হিসেবে লক্ষ্যগুলোকে প্রচার করেছে।
• SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।
• এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে ।
• UN Sustainable Development Summit এ বিভিন্ন দেশের সরকার প্রধানদের আলোচনার মাধ্যমে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
**Ans : D.**

**৮. হটস্পট প্রযুক্তির অন্তর্ভুক্ত নয়-**

A. সেলুলার ফোন B. ওয়াই-ফাই
C. ওয়াই ম্যাক্স D. এনএফসি

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা: • হটস্পট প্রযুক্তির অন্তর্ভুক্ত নয় - সেলুলার ফোন।
• হটস্পট (Hotspot) হচ্ছে এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক। নির্দিষ্ট এলাকা জুড়ে এমন একটি নির্ধারিত জায়গা যেখানে ইন্টারনেটে প্রবেশ করা যায় ওয়্যারলেস লোকাল এরিয়ার মাধ্যমে।
• মূলত একটি হটস্পট তৈরী করা হয়ে থাকে রাউটারের মাধ্যমে যা মূল সার্ভার কম্পিউটারের সাথে সংযুক্ত থেকে অবিরাম ডাটা সরবরাহ করতে থাকে।
• হটস্পট তৈরির জন্য জনপ্রিয় তিনটি প্রযুক্তি হল – ব্লুটুথ, ওয়াইফাই এবং ওয়াইম্যাক্স।
• হটস্পট এর চতুর্থ প্রযুক্তি হল এনএফসি যা এখনো পরীক্ষামূলক পর্যায়ে আছে।
Ans : A.

**৯. মুদ্রাস্ফীতির একটি বড় কারণ হলো-**
A. উৎপাদন B. আমদানি
C. রপ্তানি D. মুদ্রার যোগান বৃদ্ধি

ব্যাখ্যা: • মুদ্রাস্ফীতির বড় কারণ হল মুদ্রার যোগান বৃদ্ধি।
• সময়ের আবর্তে পণ্য বা সেবার মূল্য টাকার অঙ্কে বেড়ে গেলে অর্থনীতির ভাষায় তাকে মুদ্রাস্ফীতি বলা হয়।
• সাধারণত পণ্যদ্রব্যের দাম বেড়ে গেলে ঐ পণ্য ক্রয়ে বেশি পরিমাণ স্থানীয় মুদ্রার প্রয়োজন কিংবা একই পরিমাণ মুদ্রা দিয়ে আগের পরিমাণ পণ্য কিনতে গেলে পরিমাণে কম পাওয়া যায়।
• সুতরাং মুদ্রাস্ফীতির ফলে মানুষের ক্রয় ক্ষমতা কমে যায়।
• একই ভাবে অর্থনীতিতে পণ্যের আসল বিনিময়মূল্য কমে যায়।
• সাধারণত মুদ্রাস্ফীতি সূচকের মাধ্যমে মুদ্রাস্ফীতি হিসাব করা হয়।
Ans : D.

**১০. মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র চিত্রা নদীর পারে পরিচালনা করেন-**
A. নাসিরউদ্দীন ইউসুফ B. শহীদুল আলম
C. তানভীর মোকাম্মেল D. তারেক মাসুদ

ব্যাখ্যা: • মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'চিত্রা নদীর পাড়ে' পরিচালনা করেন তানভীর মোকাম্মেল।
• এটি ১৯৯৮ সালে মুক্তি পাওয়া একটি বাংলাদেশী চলচ্চিত্র।
• ১৯৪৭ সালের দেশবিভাগ তৎকালীন পূর্ব পাকিস্তানে হিন্দুদের জীবনে যে প্রভাব ফেলেছিল, তা এই ছবিতে দেখানো হয়েছে।
• ছবিটি ২৪তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারে শ্রেষ্ঠ চলচ্চিত্রসহ সাতটি বিভাগে পুরস্কার লাভ করে।
• এছাড়া ব্রিটিশ ফিল্ম ইনস্টিটিউটের করা সর্বকালের সেরা ১০ বাংলাদেশী চলচ্চিত্রের সমালোচক ও দর্শকপ্রিয়তা উভয় ক্যাটাগরিতেই রয়েছে এ ছবিটি।
Ans : C.

**১১. বাঙালি জাতির মুক্তি সনদ হলো-**
A. ছয় দফা B. এগারো দফা
C. ৭ মার্চের ভাষণ D. ২১ দফা

ব্যাখ্যা: • বাঙালি জাতির মুক্তির সনদ হল ছয় দফা।
• ছয় দফা আন্দোলন এর বাংলাদেশের একটি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ রাজনৈতিক ঘটনা।
• ১৯৬৬ সালের ৫ ও ৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী রাজনৈতিক দলগুলোর এক সম্মেলনে আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে "৬ দফা দাবি" পেশ করেন।
• ছয় দফা দাবির মূল উদ্দেশ্য - পাকিস্তান হবে একটি ফেডারেলরাষ্ট্র ছয় দফা কর্মসূচীর ভিত্তিতে এই ফেডারেলরাষ্ট্রের প্রতিটি অঙ্গরাজ্যকে পূর্ন স্বায়ত্তশাসন দিতে হবে।
• পরবর্তীকালে এই ৬ দফা দাবিকে কেন্দ্র করে বাঙালি জাতির স্বায়ত্তশাসনের আন্দোলন জোরদার করা হয়।
• এজন্য একে বাংলাদেশের ম্যাগনা কার্টা বা বাঙালির মুক্তির সনদও বলা হয়।
Ans : A.

**১২. 'নীল অর্থনীতি' মূলত যার সঙ্গে যুক্ত-**
A. জলবায়ু B. কৃষি
C. ভূ-রাজনীতি D. সমুদ্র

ব্যাখ্যা: • ব্লু-ইকোনমি বা নীল অর্থনীতি হচ্ছে সমুদ্র সম্পদ নির্ভর অর্থনীতি।
• ১৯৯৪ সালে অধ্যাপক গুন্টার পাউলি ভবিষ্যতের অর্থনীতির রূপরেখা প্রণয়নের জন্য একটি টেকসই এবং পরিবেশবান্ধব মডেল হিসেবে ব্লু-ইকোনমির ধারণা দেন।
• নতুন এই মডেলের আদ্যোপান্ত তুলে ধরতে অধ্যাপক পাউলি ২০১০ সালে প্রকাশ করেন তার সাড়া জাগানো গ্রন্থ "The Open Source from the Source"।
• দ্বীপ রাষ্ট্র এবং সমুদ্রবেষ্টিত উন্নয়নশীল দেশে সমুদ্র অর্থনীতির পরিবেশ সম্মত ব্যবস্থাপনাই নীল অর্থনীতির মূল লক্ষ্য।
Ans : D.

**১৩. বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ-**
A. ২০১০-২০১৫ B. ২০১৫-২০২০
C. ২০২০-২০২৫ D. ২০১৬-২০২০

ব্যাখ্যা: • বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ ২০১৬-২০২০।
• এর প্রতিপাদ্যঃ প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ: প্রত্যেক নাগরিকের ক্ষমতায়ন।
• সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ হয়েছে প্রায় ৩২ লাখ কোটি টাকা।
• এ পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য হল – জিডিপি প্রবৃদ্ধি ৮ শতাংশ উন্নীতকরণ, দারিদ্র্য দূরীকরণ, মানবসম্পদ উন্নয়ন, বিদ্যুৎ জ্বালানি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীতকরণ।
Ans : D.

**১৪. বাংলাদেশের যে ক্ষুদ্র জাতিসত্তা সিলেটে বাস করে না-**
A. খাসিয়া B. পাত্র C. মণিপুরি D. তঞ্চঙ্গ্যা

ব্যাখ্যা: • বাংলাদেশের তঞ্চঙ্গ্যা জাতিসত্তা সিলেটে বাস করে না।
• সিলেটে বাস করা বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর মধ্যে উল্লেখযোগ্য হলো মণিপুরী, খাসিয়া, পাত্র, গারো, উরাং (ওঁরাও), মাল (মালো) এবং বিভিন্ন চা শ্রমিক জনগোষ্ঠী।
• প্রতিটি জনগোষ্ঠীরই রয়েছে নিজস্ব জীবন, ভাষা ও সংস্কৃতির এক স্বতন্ত্র সৌন্দর্য।
• তঞ্চঙ্গ্যা জাতিসত্তা পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী একটি উপজাতি।
• ক্ষুদ্র জাতিগোষ্ঠীর জনসংখ্যার দিক থেকে এদের স্থান ৫ম।
Ans : D.

**১৫. কী-বোর্ড এ ফাংশনাল কী-এর সংখ্যা হলো-**
A. ৯টি B. ১০টি C. ১১টি D. ১২টি

ব্যাখ্যা: • কী-বোর্ড এর ফাংশনাল কী ১২টি।
• এগুলো সাধারণত কী বোর্ডের উপরের দিকে বাম পার্শ্বে অবস্থিত।
• এগুলো F1 থেকে যথাক্রমে F12 পর্যন্ত বিদ্যমান।
• এদের ফাংশন কী (একত্রে) বলার কারণ এদের মাধ্যমে নির্দিষ্ট কিছু কাজ করা যায়। যেমন- কোন প্রোগ্রামের জন্য help অথবা কোন প্রোগ্রাম রান করানো ইত্যাদি কাজে এই কীগুলোর ব্যবহার করা হয়।
Ans : D.

**১৬. 'সুশাসন' ধারণাটি সর্বপ্রথম প্রবর্তন করে-**
A. জাতিসংঘ B. ইউএনডিপি
C. বিশ্বব্যাংক D. আইএমএফ

ব্যাখ্যা:• 'সুশাসন' (Good Governance) এর ধারণা সর্বপ্রথম প্রবর্তন করে বিশ্বব্যাংক।
• ১৯৮৯ সালে একটি বহুমুখী ধারণা হিসেবে এর উদ্ভব হয়।
• আইনের শাসন, জাতি-ধর্ম-বর্ণ-লিঙ্গ নির্বিশেষে সকলের জন্য সমানাধিকার, জনগণের মৌলিক অধিকারের স্বীকৃতি ও সুরক্ষা এবং কার্যকর সংসদ, স্বাধীন বিচার বিভাগ ও দক্ষ প্রশাসন ব্যবস্থার মাধ্যমে জনগণের কাঙ্ক্ষিত সেবা তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়াই হচ্ছে সুশাসন।
বিশ্বব্যাংকের ধারণাসূত্রে সুশাসন নিম্নে বর্ণিত বিষয়গুলো নিশ্চিত করে-
১. সরকারি কাজে দক্ষতা ২. স্বাধীন বিচারব্যবস্থা
৩. বৈধ চুক্তির প্রয়োগ ৪. জবাবদিহিমূলক প্রশাসন
৫. স্বাধীন সরকারি নিরীক্ষক ৬. প্রতিনিধিত্বমূলক আইনসভার কাছে দায়বদ্ধতা
৭. আইন ও মানবাধিকার সংরক্ষণ ৮. বহুমুখী সাংগঠনিক কাঠামো
৯. গণমাধ্যমের স্বাধীনতা
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৭. 'জেন্ডার' বলতে বোঝায় নারী-পুরুষের _______ পার্থক্য?
A. জৈবিক B. সামাজিক
C. লৈঙ্গিক D. মানসিক

ব্যাখ্যা: সামাজিক সাংস্কৃতিক ও মনস্তাত্ত্বিক দিক থেকে একটি সমাজের নারী-পুরুষের প্রত্যাশিত ভূমিকা ও আচরণকে জেন্ডার বলে।
Ans : B.

১৮. ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়াম প্রতিষ্ঠিত হয় যে বিশ্ববিদ্যালয়ে-
A. অক্সফোর্ড B. ক্যামব্রিজ
C. ম্যানচেস্টার D. বার্মিংহাম

ব্যাখ্যা: • ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়াম প্রতিষ্ঠিত হয় অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে।
• এটি বিশ্বের প্রাচীনতম জাদুঘর।
• এটি ইংল্যান্ডের বেউমন্ট স্ট্রিটে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
• ১৬৭৭ সালে এটির নির্মাণ কাজ শুরু হয় এবং ১৬৮৩ সালে সমাপ্ত হয়।
• এটির প্রতিষ্ঠাতা এলিয়াস অ্যাশমোল মিউজিয়ামটিকে অক্সফোর্ড ইউনিভার্সিটিকে প্রদান করেন।
Ans : A.

১৯. 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'- যে আন্দোলনের স্লোগান-
A. ভাষা আন্দোলন B. শিক্ষা আন্দোলন
C. বুদ্ধির মুক্তি আন্দোলন D. গণনাট্য আন্দোলন

ব্যাখ্যা: • "জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব" কথাটি বুদ্ধির মুক্তি আন্দোলন এর স্লোগান।
• এই কথাটি লেখা থাকত শিখা পত্রিকার প্রতিটি সংখ্যার উপরে।
• শিখা ১৯২৬ সালে ঢাকায় প্রতিষ্ঠিত মুসলিম সাহিত্য সমাজ কর্তৃক প্রকাশিত পত্রিকা।
• এটি উনিশ শতকের বিশের দশকে ঢাকা থেকে প্রকাশিত হত।
• এর প্রথম সংখ্যার সম্পাদক ছিলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল হুসেন।
• বুদ্ধির মুক্তি আন্দোলন এ পত্রিকা প্রকাশের মাধ্যমে শুরু হয়। একে ঢাকার যুক্তিবাদী আন্দোলনও বলা হয়ে থাকে।
Ans : C.

২০. ২০১৯ সালের বিশ্বকাপ ক্রিকেটে 'প্লেয়ার অব দ্য টুর্নামেন্ট' নির্বাচিত হন-
A. রোহিত শর্মা B. সাকিব আল হাসান
C. বেন স্টোক্স D. কেন ইউলিয়ামসন

ব্যাখ্যা: • ২০১৯ সালের বিশ্বকাপ ক্রিকেটে 'প্লেয়ার অব দ্যা টুর্নামেন্ট' নির্বাচিত হন কেন উইলিয়ামসন।
• তিনি নিউজিল্যান্ডের অধিনায়ক ছিলেন।
• তবে এই পুরষ্কারের জন্য বিবেচনায় ছিলেন আরো তিনজন- বাংলাদেশের সাকিব আল হাসান, ভারতের রোহিত শর্মা আর অস্ট্রেলিয়ার মিচেল স্টার্ক।
• ১০ ম্যাচ খেলে ৫৭৮ রান তোলেন কেন উইলিয়ামসন, যা ২০১৯ বিশ্বকাপের চতুর্থ সর্বোচ্চ রান।
Ans : D.

২১. রাষ্ট্রের সর্বোচ্চ আইন হলো-
A. সুপ্রিম কোর্টের রায় B. সরকারি ডিক্রি
C. সাংবিধানিক আইন D. প্রশাসনিক প্রবিধান

ব্যাখ্যা: • রাষ্ট্রের সর্বোচ্চ আইন হল সাংবিধানিক আইন।
• সংবিধান (Constitution) কোন শাসনব্যবস্থার মূল গ্রন্থ যাতে একটি স্বাধীন রাষ্ট্রের এবং রাষ্ট্রের অঙ্গসমূহের কিছু মৌলিক নিয়মনীতি এবং দায়িত্ব ও কর্তব্য লিপিবদ্ধ থাকে।
• কোন দেশের ক্ষেত্রে সংবিধান রাজনৈতিক মৌলিক নিয়ম ও সরকারের পরিকাঠামো, পদ্ধতি, ক্ষমতা ও কর্তব্যকে প্রতিস্থাপিত করে।
• সংবিধান দুই ধরনের হতে পারে লিখিত ও অলিখিত।
• বাংলাদেশের সংবিধান ১৯৭২ সালে বাংলাদেশের জাতীয় সংসদে গৃহীত হয়।
Ans : C.

২২. ঐতিহাসিক স্থান 'কারবালা' অবস্থিত-
A. কাতার B. ইরান
C. কুয়েত D. ইরাক

ব্যাখ্যা: • ঐতিহাসিক কারবালার অবস্থান ইরাকে।
• মক্কা, মদিনা ও জেরুজালেমের পর শিয়ারা কারবালাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ ধর্মীয় স্থান বলে বিবেচনা করে।
• এটি ৬৮০ খ্রিষ্টাব্দে সংগঠিত একটি ঐতিহাসিক যুদ্ধের জন্য বিখ্যাত।
• এই যুদ্ধটি ইসলামের নবী মুহাম্মদ (সা:) এর নাতি হোসাইন ইবন আলী (রা:) এবং উমাইয়া খলিফা প্রথম ইয়াজিদ এর মধ্যে সংগঠিত হয়।
• এই যুদ্ধে মুহাম্মদ (সা:) এর দৌহিত্র হুসাইন ইবনে আলির মৃত্যু ঘটে।
Ans : D.

২৩. জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির মানব উন্নয়ন সূচকে বিশ্বে শীর্ষস্থান অধিকারী দেশ-
A. সুইডেন B. যুক্তরাজ্য
C. নরওয়ে D. সিঙ্গাপুর

ব্যাখ্যা: • জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর মানব উন্নয়ন সূচকে বিশ্বে শীর্ষ দেশ অধিকার করেছে নরওয়ে।
• মানব উন্নয়ন সূচক (Human Development Index) বিশ্বের সকল দেশসমূহের জীবন ধারণের মান, শিক্ষা, নিরক্ষরতা প্রভৃতির একটি তুলনামূলক সূচক।
• বিভিন্ন দেশের স্বাস্থ্য, শিক্ষা, গড় আয়সহ বিভিন্ন সূচকের আলোকে এই প্রতিবেদন তৈরি করা হয়।
• ২০১৯ সালের জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) মানব উন্নয়ন সূচকে ১৮৯ দেশের মধ্যে এক ধাপ এগিয়ে বাংলাদেশের অবস্থান ১৩৫তম।
• দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের চেয়ে এগিয়ে আছে ভারত, শ্রীলঙ্কা, ভুটান ও মালদ্বীপ। পিছিয়ে আছে পাকিস্তান, আফগানিস্তান ও নেপাল।
Ans : C.

২৪. মুক্তিযুদ্ধের স্মারক 'শিখা চিরন্তন' অবস্থিত-
A. ঢাকা সেনানিবাসে B. গাজীপুরে
C. মেহেরপুরে D. সোহরাওয়ার্দী উদ্যানে

ব্যাখ্যা: • মুক্তিযুদ্ধের স্মারক 'শিখা চিরন্তন' সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত।
• এটি একটি স্মরণ স্থাপনা।
• ১৯৭১ সালের ৭ মার্চ শেখ মুজিবুর রহমান এই স্থানটিতে দাঁড়িয়ে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রদান করেন।
• এটি স্থাপন করেন বিশ্বনন্দিত চার নেতা - শান্তিতে নোবেল বিজয়ী দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি নেলসন ম্যান্ডেলা, ফিলিস্তিনের ইয়াসির আরাফাত, তুরস্কের সুলেমান ডেমিরেল এবং বাংলাদেশের তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
Ans : D.

২৫. ই-৮ অন্তর্ভুক্ত আটটি দেশের একটি সাধারণ বৈশিষ্ট্য হলো এরা সবাই-
A. এশীয় দেশ B. ইউরোপীয় দেশ
C. পরিবেশ দূষণকারী দেশ D. উন্নয়নশীল দেশ

ব্যাখ্যা: • ই-৮ অন্তর্ভুক্ত আটটি দেশের সাধারণ বৈশিষ্ট্য হল এরা সবাই পরিবেশ দূষণকারী দেশ।
• এরা হল- যুক্তরাষ্ট্র, ইউরোপিয়ান ইউনিয়ন, জাপান, রাশিয়া, চীন, ভারত, ব্রাজিল এবং দক্ষিণ আফ্রিকার দেশসমূহ।
• বিশ্বের জিডিপির ৮০ ভাগ আসে এই দেশগুলো থেকে।
• বিশ্বের অধিকাংশ গ্রীনহাউজ গ্যাসও নিঃসরণ হয় এই দেশগুলো থেকে।
• একত্রে পরিবেশ রক্ষা এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলার লক্ষ্যে এটি গঠন করা হয়।
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৬. বাংলায় ব্রিটিশ-বিরোধী প্রথম সশস্ত্র প্রতিরোধ আন্দোলন-
A. সিপাহী বিদ্রোহ B. ফকির-সন্ন্যাসী বিদ্রোহ
C. নীল বিদ্রোহ D. ফরায়েজী আন্দোলন

ব্যাখ্যা: • বাংলায় ব্রিটিশ বিরোধী প্রথম সশস্ত্র প্রতিরোধ আন্দোলন হল ফকির সন্ন্যাসী বিদ্রোহ।
• ফকির-সন্ন্যাসী আন্দোলন বাংলায় ইস্ট ইন্ডিয়া কোম্পানির আধিপত্যের বিরুদ্ধে মুসলিম ফকির (সুফি) ও হিন্দু যোগী সন্ন্যাসীদের সম্মিলিত সশস্ত্র প্রতিরোধ আন্দোলন।
• ১৭৬০ সালে এ আন্দোলন শুরু হয় এবং চার দশকেরও অধিককাল তা অব্যাহত থাকে।
• এই প্রতিরোধ আন্দোলন দেশের কৃষকশ্রেণিরও স্বতঃস্ফূর্ত সমর্থন লাভ করে। কারণ তারাও কোম্পানি কর্তৃক প্রবর্তিত নতুন ভূমি রাজস্ব নীতির অধীনে বিপর্যস্ত হয়ে পড়েছিল।
Ans : B.

২৭. ২০১৮ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন নাদিয়া মুরাদ এবং ______?
A. ডেনিস মুকওয়েগি B. ডোনা স্ট্রিকল্যান্ড
C. জুয়ান সানটোস D. লিউ জিয়াবো

ব্যাখ্যা: • ২০১৮ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন নাদিয়া মুরাদ এবং ডেনিস মুকওয়েগি।
• যুদ্ধাস্ত্র হিসেবে যৌন সহিংসতার বিরুদ্ধে কাজ করার জন্য তাঁরা যৌথভাবে এ পুরস্কার লাভ করেন।
• ডেনিস মুকওয়েগি গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র এর নাগরিক এবং একজন বিশেষজ্ঞ চিকিৎসক।
• তিনি বুকাবু'তে পেনজি হাসপাতাল প্রতিষ্ঠা করেন এবং সেখানে তিনি বিদ্রোহী বাহিনী কর্তৃক ধর্ষনের স্বীকার নারীদের চিকিৎসা দিয়ে থাকেন।
• নাদিয়া মুরাদ হচ্ছেন ইরাকের একজন মানবাধিকার কর্মী এবং প্রথম ইরাকি নোবেল পুরষ্কার বিজয়ী।
• মুরাদ "নাদিয়া ইনিশিয়েটিভ" এর প্রতিষ্ঠাতা, একটি সংগঠন যেটি গণহত্যা, ভয় নিপীড়ন এবং মানব পাচারের দ্বারা ক্ষতিগ্রস্থ নারী ও শিশুদেরকে তাদের জীবন ও সম্প্রদায়কে পুনঃস্থাপন ও পুনর্নির্মাণে সহায়তা করার জন্য নিবেদিত।
Ans : A.

২৮. বাল্যবিবাহ প্রতিরোধের হেল্পলাইন হলো-
A. ১০৯ B. ১০৩
C. ৯৯৯ D. ৩৩৩

ব্যাখ্যা: • বাল্যবিবাহ প্রতিরোধের হেল্পলাইন ১০৯।
• ২০১২ সালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) দেশের নারী ও শিশুদের বিভিন্ন ধরনের হয়রানি থেকে বাঁচাতে চালু করে 'ন্যাশনাল হেল্পলাইন-১০৯' নম্বরটি।
• বাংলাদেশ সরকার ও ডেনমার্কের যৌথ উদ্যোগে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের আওতায় এই হেল্পলাইন প্রতিষ্ঠা করা হয়।
• বিভিন্ন ধরনের সহিংসতার শিকার নারী ও শিশুদের সহায়তা করা এ প্রকল্পের উদ্দেশ্য।
• এ হেল্পলাইন বাল্যবিয়ে, শারীরিক নির্যাতন, পাচার, যৌন হয়রানি, মানসিক নির্যাতন, অপহরণ, হুমকি, প্রতারণা, পর্নোগ্রাফি, নিখোঁজ, টেলিফোনে হয়রানিসহ বিভিন্ন বিষয়ে দ্রুত পদক্ষেপ ও পরামর্শ প্রদান করে থাকে।
Ans : A.

## লিখিত অংশ

### বাংলা

১. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলো (ক-ঘ) উত্তর দাও : ২.৫ × ৪ = ১০
রাস্তায় একটা রিকশা নাই। তা রিকশার পরোয়াও সে এখন করছে না। রেইনকোটের ভেতরে হাঁটতে হাঁটতে বাসস্ট্যান্ড যেতে তার কোনো অসুবিধা হবে না। রেইনকোটের ওপর বৃষ্টি পড়ছে অবিরাম। কী মজা, তার গায়ে লাগে না একটি ফোঁটা। টুপির বারান্দা বেয়ে পানি গড়িয়ে পড়লে কয়েক ফোঁটা সে চেটে দেখে। ঠিক পানসে স্বাদ নয়, টুপির তেজ কি পানিতেও লাগল নাকি। তাকে কি মিলিটারির মতো দেখাচ্ছে? পাঞ্জাব আর্টিলারি, না বেলুচ রেজিমেন্ট, না কম্যান্ডো ফোর্স, নাকি প্যারা মিলিটারি, নাকি মিলিটারি পুলিশ,- ওদের তো একেক গুষ্টির একেক নাম, একেক সুরত। তার রেইনকোটে তাকে কি নতুন কোনো বাহিনীর লোক বলে মনে হচ্ছে? হোক। সে বেশ হনহন করে হাঁটে। শেষ-হেমন্তের বৃষ্টিতে বেশ শীত-শীত ভাব। কিন্তু রেইনকোটের ভিতরে কী সুন্দর ওম। মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।
ক) 'টুপির তেজ' বলতে অনুচ্ছেদে কী বোঝানো হয়েছে?
খ) অনুচ্ছেদে ব্যবহৃত 'গুষ্টি', 'সুরত'- শব্দ দুটি পাকিস্তানি বাহিনীর প্রতি কথকের বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচয় বহন করে। কীভাবে?
গ) 'মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।' উক্তিটির তাৎপর্য কী?
ঘ) অনুচ্ছেদটিতে 'রেইনকোট' কিসের প্রতীক হয়ে উঠেছে- তা সংক্ষেপে লেখ।

ক) Ans : গল্পকার আক্তারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পের আলোকে প্রশ্নগুলোর উত্তর দেওয়া হলো–
গল্পকথক নুরুলহুদা প্রিন্সিপালের তলবে বাসা থেকে বের হন কলেজে যাওয়ার জন্য। সেসময় বৃষ্টি হয় বলে তাঁর বউ মুক্তিযোদ্ধা মিন্টুর (নুরুল হুদার শ্যালক) রেইনকোট বের করে তাঁকে পড়তে দেন। তিনি রেইনকোট পড়ে বের হলে বৃষ্টি ফোটা টুপি বেয়ে পড়ার সময় তিনি এক ফোটা জিহ্বায় পড়লে লক্ষ্য করেন যে পানির স্বাদ পানসে নেই। তা রেইনকোটের গরমে এবং গন্ধে বিকৃত স্বাদের হয়েছে। তখন তাঁর মনে হয় রেইনকোট পড়ে বুঝি তাঁকে মিলিটারির মতো লাগছে। টুপির তেজ বলতে সাধারণত লেখক বর্বর মিলিটারির নৃশংসতা, তেজ ও বর্বরতাকে বুঝিয়েছে।

খ) Ans : রেইনকোট গল্পের কথক 'ওদের তো একেক গুষ্টির একেক নাম, একেক সুরত" বাক্যটি দিয়ে অবজ্ঞার সুরে পাকিস্তানি হানাদারদের পরিচয় দিয়েছেন। পাকিস্তানিরা ১৯৭১ সালে বিভিন্ন গ্রুপে ভাগ হয়ে এদেশের মানুষকে নির্বিচারে হত্যা করে। তাদের মধ্যে কারো কারো নাম ছিলো পাঞ্জাব আর্টিলারি, বালুচ রেজিমেন্ট, কমান্ডো ফোর্স, প্যারা মিলিটারি, মিলিটারি পুলিশ ইত্যাদি। তাদের বিভিন্ন গ্রুপের পোশাক, অস্ত্রসস্ত্র এবং কাজের মধ্যে ছিল বৈচিত্র। কেউ কেউ গ্রেনেড, পিস্তল, রাইফেল, বেয়োনেট দিয়ে মানুষ মারত। বিভিন্ন দল বিভিন্ন উপায়ে মানুষ হত্যা করত তাই লেখক প্রশ্নোক্ত উক্তিটি করেছেন।

গ) Ans : "মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।" উক্তিটি দ্বারা গল্পকথক নিজেকে ভাগ্য সুপ্রসন্ন মনে করেছেন। তার মনে হচ্ছিল মিন্টুর রেইনকোট তার জন্য আর্শিবাদস্বরূপ।
গায়ে রেইনকোটটি থাকায় সে রিকশার পরোয়া করেনা। হনহন করে চলে যায় বাস্ট্যান্ডের দিকে বাস ধরার জন্য। আবার রেইনকোট পড়ার জন্য সুবিধা হলো তাকে দেখতে মনে হচ্ছিলো মিলিটারি গোত্রের তাই সে চোর, বাটপারদের থেকে নিরাপদে থাকে।
এছাড়াও রেইনকোট গায়ে থাকায় শেষ হেমন্তের বৃষ্টির শীতশীত ভাব থেকে সে রক্ষা পায়। রেইনকোটের ভিতরে সে ওম অনুভব করে।
উপর্যুক্ত বিষয়গুলো মনে করেই নুরুলহুদা প্রশ্নোক্ত উক্তিটি করেন।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ঘ) **Ans :** প্রশ্নোক্ত অনুচ্ছেদে রেইনকোট সাহসের প্রতীক হয়ে উঠেছে। রেইনকোট গায়ে থাকায় জনাব নুরুল হুদাকে রিকশার জন্য অপেক্ষা করতে হয়নি। রিকশার পরোয়া না করেই সে বাসস্ট্যান্ডের দিকে হাঁটা দেয়। আবার রেইনকোটের টুপি বেয়ে পানি পড়লে তা সে চেটে খায়। সে অনুভব করে পানির স্বাদ পানসে নয়। পানিতেও টুপির তেজ বা গরম লেগেছে। তখন নুরুল হুদা নিজেকে আরো সাহসী মনে করে। মুক্তিযোদ্ধা মন্টুর সাহস তাঁর মধ্যে সঞ্চার হয় এবং সে নিজেকে মিলিটারি বাহিনির সাথে তুলনা করে। মিলিটারির প্রতি তাঁর ভয় দূর হয়।

**২. সপ্রসঙ্গ উদ্ধৃতি ব্যাখ্যা কর :** ২.৫ × ২ = ৫

ক) 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।'

খ) 'তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,
সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ।'

ক) **Ans :** "মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।"

- **উৎস:** প্রশ্নোক্ত উদ্ধৃতিটি প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরী রচিত "জীবন ও বৃক্ষ" প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে।
- **প্রসঙ্গ:** মানুষের জীবন যে পশুর জীবনের থেকে মূল্যবান তা বোঝানোর জন্যই লেখক প্রশ্নোক্ত বাক্যটি লিখেছেন।
- **ব্যাখ্যা:** প্রাণ থাকলেই প্রাণী হওয়া যায়। কিন্তু মন না থাকলে মানব হওয়া যায় না। প্রাণীর বৃদ্ধি ঘটে শুধু শরীরে তবে মানবের বৃদ্ধি ঘটে দুইভাবে। এক দৈহিক দুই মানবিক বা আত্মিক। আত্মিক গুণাবলির জন্যই মানুষ অন্য সকল প্রাণীর থেকে উন্নত।

খ) **Ans :** "তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান, সকল শাস্ত্রে খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ।"

- **উৎস:** প্রশ্নোক্ত চরণ দুটি কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতা থেকে নেওয়া হয়েছে।
- **প্রসঙ্গ:** এখানে কবি প্রাণধর্ম ও মানব ধর্মের জয়গান গাইতে গিয়ে উক্ত চরণ দুটি লিখেছেন।
- **ব্যাখ্যা:** মানুষ তার আত্মাকে স্বচ্ছ করলে, পাপ, পঙ্কিলতা থেকে মুক্ত রাখলেই কেবল তার মধ্যে মানবিকতার জন্ম হবে। মনকে প্রশস্ত করলে মানুষ অন্যের প্রতি সহানুভূতি ও মমত্ববোধ দেখাতে পারে। আর পৃথিবীর সকল ধর্মগ্রন্থেই মানবতা, ভ্রাতৃত্ববোধ, সহানুভূতি, মানবপ্রেম সর্বোপরি ভালোবাসার কথা বলা হয়েছে। তাই কবি বলেছেন প্রাণ যদি স্বচ্ছ হয়, তাহলে আর কোন ধর্মগ্রন্থ, শাস্ত্র অনুসরণ করতে হয় না।

**৩. বঙ্গানুবাদ কর :** ৫

Kuakata is one of the unique tourist spots in Bangladesh. It allows a visitor to watch both the sunrise and the sunset from the beach and that perhaps makes Kuakata one of the world's most attractive beaches. The long and wide beach at Kuakata has a typical natural setting. It is also a holy land for several religious communities. Each year thousands of devotees come here to attend various festivals.

**Ans : প্রদত্ত Passage টির বঙ্গানুবাদ-**
কুয়াকাটা বাংলাদেশের অন্যতম একটি অনন্য পর্যটন কেন্দ্র। এটি দর্শনার্থীকে সৈকত থেকে সূর্যোদয় এবং সূর্যাস্ত উভয়ই দেখার সুযোগ দেয় এবং এটি সম্ভবত কুয়াকাটাকে বিশ্বের অন্যতম আকর্ষণীয় সমুদ্র সৈকতে পরিণত করে। কুয়াকাটায় দীর্ঘ এবং প্রশস্ত সৈকতের একটি নান্দনিক প্রাকৃতিক পরিবেশ রয়েছে। এটি বেশ কয়েকটি ধর্মীয় সম্প্রদায়ের জন্য একটি পবিত্র ভূমি। প্রতি বছর হাজার হাজার ভক্ত বিভিন্ন উৎসবে যোগ দিতে এখানে আসেন।

**৪. বাক্য গঠন কর :** ১ × ৫ = ৫

তপোবন, সমীচীন, অবিনাশী, মূল্যবোধ, বাতায়ন

**Ans : প্রদত্ত শব্দগুলো দিয়ে বাক্য গঠন করা হলো–**

- তপোবন - রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন একজন তপোবনপ্রেমিক।
- সমীচীন - পরধর্মকে অবজ্ঞা করা সমীচীন কর্ম নয়।
- অবিনাশী - ভালোবাসার ন্যায় অবিনাশী অস্ত্র আর কোথাও নেই।
- মূল্যবোধ - মূল্যবোধগুণে মানুষ শ্রেষ্ঠ জীব।
- বাতায়ন - বাতায়নে চাঁদ দেখা যায়।

## General English

**5. Write a paragraph by analyzing the significance of Bangabandhu Sheikh Mujibur Rahman's Historic Speech of 7th March 1971.** 10

**Ans :** Bangabandhu Sheikh Mujibur Rahman's Historic speech of 7th March 1971.

The Historic 7th March's speech of Bangabandhu Sheikh Mujibur Rahman is the main inspiration of our liberation war. The speech was given by our father of the nation on 7th March 1971 at Ramna Race Cours in Dhaka. Millions of people inspired by his speech joined the liberation war in 1971 which ended on December 16 with the surrender of the Pakistani occupation force. In his 19-minute extempore speech, Bangabandhu made a Clarion call for a non-cooperation movement, asking the nation to prepare for the war of independence. He said "Since we have given blood, we will give more of it, but God willing. We will free the people of this land. Struggle this time is the struggle for emancipation, the struggle this time is the stuggle for independence". This speech has touched the soul of every Bangladeshi and even after 1971, this speech has encouraged all other movements. On 30th October 2017 UNESCO has recognized the 7th March's speech as a part of the world's documentary heritage.

**6. Fill in each gap of the following passage with appropriate word(s) from the basket given below :** 1 × 5 = 5

| | | | | |
|---|---|---|---|---|
| pollutes | discharges | waste | free | toxic |
| dumped | because of | since | paid back | |

**Dhaka city___ the bounty of the river Buriganga by sucking life out of it. According to newspaper report, the Buriganga is dying____ pollution. Huge quantities of____ chemicals are ___ into the river every day. The city___ about 4500 tons of solid waste every day and most of it is directly released into this river.**

**Ans :** Paid back, because of, toxic, dumped, discharges.

**7. Make sentence with each of the following words :** 1 × 5 = 5

**Heritage, Empowerment, Hospitality, Fascination, Integrate**

**Ans : Heritage** - We must take care to preserve our national heritage.

**Empowerment** - Empowerment of women is very important for the development of a society.

**Hospitality** - Bangladesh is a land of hospitality.

**Fascination** - The past of Rome had always a fascination for roman writers.

**Integrate** - We must integrate all of our ideas to do something great.

শিক্ষার সবকিছু পাঠশালায়
প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার